তারিখ ... 06 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৩ ...

সমকাল

সংসদে গণশিক্ষামন্ত্রী

# নিম্নমানের বই ছাপানোয় দায়ী ২১ প্রতিষ্ঠান

■ সমকাল প্রতিবেদক

প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরে নিম্নমানের পাঠ্যবই ছাপানোর জন্য ২১টি প্রতিষ্ঠানকে দায়ী করা হয়েছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। এজন্য এসব প্রতিষ্ঠানের 'পারফরম্যান্স সিকিউরিটি' থেকে ৭৮ লাখ ৮০ হাজার টাকা আদায় করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে রহমত আলীর প্রশ্নের জবাবে মন্ত্রী মোস্তাফিজুর রহমান এ কথা বলেন। তিনি আরও জানান, ২০১৫ সালের শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের হাতে দেওয়া বই নিম্নমানের ছিল। তবে মন্ত্রী নিম্নমানের বই ছাপানোয় সম্পৃক্ত ২১টি প্রতিষ্ঠানের নাম উল্লেখ করেননি।

এর আগে বিকেল ৪টার পর স্পিকার শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের অধিবেশন শুরু হয়। প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়।

এস এম মোস্তফা রশিদীর প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের উত্তরা বিএনএস সেন্টার ক্যাম্পাস বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত নয়। ওই ক্যাম্পাস উচ্ছেদ করার জন্য জেলা প্রশাসককে অনুরোধ জানানো হয়েছে। অননুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে সনদ পাওয়া শিক্ষার্থীদের সনদ বৈধ বলে বিবেচিত হবে না।

এস এম আবুল কালাম আজাদের প্রশ্নের জবাবে গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী মোশাররফ হোসেন বলেন, রাজউক ঢাকার কেরানীগঞ্জে দুই হাজার ২৯০ একর জমিতে একটি আবাসিক প্রকল্প তৈরির উদ্যোগ নিয়েছে। বর্তমান সংসদের যেসব সাংসদের ঢাকায় প্লট বা ফ্ল্যাট নেই, তাদের জন্য ওই প্রকল্পে প্লট বা ফ্ল্যাট বরাদ্দ দেওয়া হবে।